



ইসলামী বিশ্ববিদ্যালয়

## সমন্বয়কারীর কার্যালয়

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা: ২০২১-২০২২ খ্রি.

ডিন অফিস, থিওলজী এও ইসলামিক স্টাডিজ অনুষদ

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-বিনাইদহ, বাংলাদেশ।

তারিখ: ০১/১০/২০২২ ইং

### D ইউনিট

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২১-২০২২ ইং

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-বিনাইদহ, বাংলাদেশ।

## ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনাবলী

এক. ১ম মেধা তালিকা: গত ২৮/০৮/২০২২ ইং তারিখে প্রকাশিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের "D" ইউনিটের ভর্তি পরীক্ষা ২০২১-২০২২ ইং-এর ফলাফল ইতোমধ্যে অনলাইন এবং অফলাইনে প্রচারিত হয়েছে। উপর্যুক্ত ফলাফলের ভিত্তিতে ৩২০টি আসনের জন্য ১ম মেধা তালিকায় স্থানাঙ্ক শিক্ষার্থীদের (মেধাক্রমানুসারে) সাক্ষাত্কার আগামী ১৭/১০/২০২২ ইং তারিখ থেকে ১৯/১০/২০২২ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন (সকাল ৯.০০টা থেকে বিকাল ৪.০০টা) সময়ে অনুষদ ভবনের ৪র্থ তলায় "D" ইউনিটের সমন্বয়কারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সাক্ষাত্কার সভায় চূড়ান্ত ভর্তির অনুমতিপত্র প্রদান করা হবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সাক্ষাত্কারের দিন থেকে ২৩/১০/২০২২ ইং তারিখের মধ্যে প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উক্ত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে প্রবর্তীতে ভর্তি হওয়ার আর কোনো সুযোগ থাকবে না।

দুই. ১ম মেধা তালিকার ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর কোন পরীক্ষার্থী বিভাগ পরিবর্তন করতে চাইলে আগামী ২৪.১০.২০২২ ইং হইতে ২৬.১০.২০২২ ইং তারিখ পর্যন্ত আবেদন করতে পারবে। আবেদনের যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

তিনি. আসন খালি থাকা সাপেক্ষে ২য় ও ৩য় মেধা তালিকার প্রার্থীদের সাক্ষাত্কার গ্রহণের তারিখ ও সময় প্রবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([iu.ac.bd](http://iu.ac.bd)) বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

চার. ভর্তিচু শিক্ষার্থীদের নিম্নোল্লিখিত কাগজপত্র অবশ্যই সাক্ষাত্কার সভায় উপস্থাপন করতে হবে।

ক. ভর্তি পরীক্ষার হলের পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র।

খ. মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, মার্কশীট এবং সার্টিফিকেট অথবা সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রশংসনপত্র।

গ. সদ্য তোলা আট (০৮) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

পাঁচ. ক্লাস শুরু হওয়ার তারিখ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক ওয়েবসাইটের ([iu.ac.bd](http://iu.ac.bd)) মাধ্যমে জানানো হবে।

বিদ্রূঢ় উপরোক্ত বিজ্ঞপ্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষেত্রে ইউনিট কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

'১/১০/২২

(প্রফেসর ড. হাফেজ আবু নোরান মোঃ এরশাদ উল্লাহ)

সমন্বয়কারী (D ইউনিট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২১-২০২২ খ্রি.

ও

ডিন, থিওলজী এও ইসলামিক স্টাডিজ অনুষদ  
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-বিনাইদহ, বাংলাদেশ।

মোবাইল নং: ০১৬২৩-৫১৭০৮৪

সমন্বয়কারী

"D" ইউনিট

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা-২০২১-২২

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।